গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

বিষয়: শুদ্ধাচার কর্মকৌশল সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব মো: সোহেল ইমাম খান, ডেপুটি সেক্রেটারি জেনারেল, বিএনসিইউ।

তারিখ: ৫ অক্টোবর, ২০২০।

সময়: দুপুর ০২.০০ ঘটিকা।

স্থান: সভাকক্ষ, বিএনসিইউ।

উপস্থিতি: তালিকা (পরিশিষ্ট-ক)

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতি বলেন যে, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার প্রত্যয়ে বিএনসিইউ বরাবরের মত নির্ধারিত ছক মোতাবেক ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রস্তুত করেছে এবং সে মোতাবেক জুলাই, আগস্ট ও সেপ্টেম্বরের সম্পাদিত কাজের প্রতিবেদন প্রস্তুত করা দরকার যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করতে হবে। তিনি প্রোগ্রাম অফিসার জনাব মোহাম্মদ সোহেলুজ্জামানকে ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার জুলাই, আগস্ট ও সেপ্টেম্বরের সম্পাদিত কাজের বিষয় উপস্থাপন করতে বলেন এবং এরপর এর বিভিন্ন কর্মসূচি নিয়ে আলোচনা করা হয়। পরবর্তীতে উপস্থিত কর্মকর্তাগণের সাথে আলোচনা করে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| ক্রমিক নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|
| ১ | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত ও সুশাসন সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন | বিভিন্ন বিষয় অন্তর্ভুক্ত করে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা। অক্টোবরের ২য় সপ্তাহে প্রশিক্ষণ প্রদান করা। | প্রোগ্রাম অফিসার (প্রশাসন ও অর্থ) |
| ২ | স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ | শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করা। | সিনিয়র প্রোগ্রাম অফিসার মিজ শাকিলা দিল হাছিন<br>প্রোগ্রাম অফিসার (আইসিটি) |
| ৩ | স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | নিয়মিতভাবে স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা। | প্রোগ্রাম অফিসার (আইসিটি) |
| ৪ | উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ | প্রতি অর্থবছরের উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা। | প্রোগ্রাম অফিসার (আইসিটি) |

| ক্রমিক নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|
| ৫ | পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা। | প্রোগ্রাম অফিসার (প্রশাসন ও অর্থ) |
| ৬ | স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হালনাগাদ করে প্রণয়ন ও বাস্তবায়ন করা। | মিজ শাকিলা দিল হাছিন সিনিয়র প্রোগ্রাম অফিসার<br>প্রোগ্রাম অফিসার (প্রশাসন ও অর্থ)/কর্মকর্তাগণ |
| ৭ | অকেজো মালামাল/পণ্য নষ্ট করা/বিক্রি | বিক্রিত মালামালের কার্যপত্র পেশ করা। | সিনিয়র প্রোগ্রাম অফিসার মিজ শাকিলা দিল হাছিন<br>প্রোগ্রাম অফিসার<br>প্রোগ্রাম অফিসার (প্রশাসন ও অর্থ)<br>সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীবৃন্দ |
| ৮ | অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ | অভিযোগ প্রাপ্তিসাপেক্ষে অভিযোগ নিষ্পত্তি করা। | প্রোগ্রাম অফিসার<br>ডেজিগনেটেড কর্মকর্তা<br>মিজ আফসানা আইয়ুব |
| ৯ | শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন | নিজ দপ্তরের বাকী চারটি শাখা পরিদর্শন করা। শাখা পরিদর্শনের প্রতিবেদন ছকে উপস্থাপন করা। | অধ্যাপক এ কে এম মুনিরুল ইসলাম<br>সংযুক্ত কর্মকর্তা (প্রশাসন, সংস্থাপন ও সমন্বয়) |
| ১০ | শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | শাখা পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন করা। | সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মকর্তাগণ |
| ১১ | সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ | সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণিবিন্যাসের কাজ চলমান রাখা। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ১২ | শ্রেণিবিন্যাসকৃত নথি বিনষ্টকরণ | বিনষ্টকরণের মানদন্ড অনুযায়ী বিনষ্টযোগ্য নথি, ১০% টার্গেট করা হয়, প্রশিক্ষণের মাধ্যমে বিনষ্টকরণের বিষয়ে জানা ও পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করা। | সকল কর্মকর্তা |

| ক্রমিক নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|
| ১৩ | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন নির্দিষ্ট সময়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করা। | প্রোগ্রাম অফিসার (আইসিটি) |

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

১৫.১০.২৫

(মোঃ সোহেল ইমাম খান)
ডেপুটি সেক্রেটারি জেনারেল
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন

**মোঃ সোহেল ইমাম খান**
**(যুগ্মসচিব)**
**ডেপুটি সেক্রেটারি জেনারেল**
**বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়।**